

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-১১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৯.১৯-৩৮৮

তারিখঃ ১০ শ্রাবণ ১৪২৬  
২৫ জুলাই ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৪৩৮০/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪৩৮০/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪৩৮০/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

| রিট পিটিশন নং | পিটিশনার   | রেসপনডেন্ট   | মামলা দায়েরের কারণ/বিষয়   |
|---------------|--|--|---|
| ৪৩৮০/২০১৯     | জনাব মনির উদ্দিন, পিতা-<br>আব্দুর রহমান, গ্রাম-<br>নারায়ণপুর, ডাকঘর-<br>ভবকালী নতুন বাজার,<br>উপজেলা- সদর,<br>ময়মনসিংহ (ল্যাব বেয়ারার<br>কাম ক্লিনার, ভোকেশনাল<br>শাখা, লেংরার বাজার<br>আলিম মাদ্রাসা)। | সচিব, শিক্ষা<br>মন্ত্রণালয়, ডিজি,<br>ডিটিই ও আরো<br>অন্যান্যসহ মোট<br>০৮ (আট) জন। | ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলাধীন লেংরার বাজার আলিম<br>মাদ্রাসার ভোকেশনাল শাখায়, ল্যাব বেয়ারার-কাম ক্লিনার পদে নাম<br>এমপিওভুক্তির জন্য ১৪/০৮/২০১৮ তারিখে পিটিশনার জনাব মনির উদ্দিন<br>কর্তৃক ডিজি, ডিটিই বরারব আবেদন দাখিল করা হয় (পৃ: ২-৪)।<br>আবেদন আলোকে প্রতিকার না পাওয়ায় বা কার্যকরী ব্যবস্থা গ্রহণ না<br>করায় উক্ত আবেদনটি নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা<br>প্রদানের দাবীতে পিটিশনার জনাব মনির উদ্দিন কর্তৃক মাননীয় উচ্চ<br>আদালতে রিট পিটিশন নং-৪৩৮০/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ০৬/০১/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে কেন পিটিশনারকে বর্ণিত প্রতিষ্ঠানের ভোকেশনাল শাখায়, ল্যাব বেয়ারার-কাম ক্লিনার পদে নাম এমপিওভুক্তির জন্য নির্দেশনা প্রদান করা হবেনা এবং কেন পিটিশনার কর্তৃক ১৪/০৮/২০১৮ তারিখে দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তির জন্য সংশ্লিষ্টদের প্রতি কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ২১/০৫/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছে। একই সাথে পিটিশনার কর্তৃক ১৪/০৮/২০১৮ তারিখে দাখিলকৃত আবেদনটি আদেশ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য ডিজি, ডিটিই (৩ নং রেসপনডেন্ট) এর প্রতি নির্দেশনা দিয়ে এক অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করা হয়েছে।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণপূর্বক রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? জবাব দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৪৩৮০/২০১৯ মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়ে থাকলে এর সর্বশেষ অবস্থা এবং জবাব (Affidavit in Opposition) দাখিল না করা হয়ে থাকলে জরুরিভিত্তিতে মাননীয় আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০৫/০৮/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিতকরণ (প্রমাণকসহ) সে সাথে পিটিশনার কর্তৃক ১৪/০৮/২০১৮ তারিখে ডিজি, ডিটিই বরারব দাখিলকৃত আবেদনটি আইনানুগ নিষ্পত্তিক্রমে টিএমইউসহ সংশ্লিষ্ট আদালতকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।

